

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ডবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩২.১৯-৬২৫

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ ব.  
২৮ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৫০০/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৫০০/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৫০০/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৯৫০০/২০১৯	জনাব মো: মনিরুজ্জামান, পিতা- মৃত. সইবুর রহমান, গ্রাম- রানীবাড়ী, উপজেলা- সাহেবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ সহ মোট ০২ (দুই) জন।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিইসহ মোট ০৮ (আট) জন।	পিটিশনার (নং-১, জনাব মো: মনিরুজ্জামান, প্রভাষক, হিসাবরক্ষণ, নাচোল টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ ২। জনাব মো: জিয়াউল হক, প্রভাষক, হিসাবরক্ষণ, রাজশাহী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী) দুয়কে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে নিয়োগ এবং যোগদানের তারিখ হতে এমপিওভুক্ত জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে জনাব মো: মনিরুজ্জামান ও জনাব মো: জিয়াউল হক কর্তৃক পিটিশনার হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৯৫০০/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৯/৮/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারদ্বয়কে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানে নিয়োগ/যোগদানের  
তারিখ হতে এমপিওভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ২৬/০৯/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য  
প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলায় মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা?  
না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৫০০/২০১৯ মামলার ২৯/০৮/২০১৯ তারিখের আদেশ অনুযায়ী সরকার পক্ষের জবাব (Affidavit in  
Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে মহামান্য আদালতে জবাব (Affidavit in  
Opposition) দাখিলক্রমে আগামী ১২/১২/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ  
করা হলো।

(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচারক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।